প্রথম আলো

24 MAY 2017

## বাকশিসের ১১ দফা দাবি

আসন্ন জাতীয় বাজেটকে কেন্দ্র করে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের জন্য ১১ দফা দাবি জানিয়েছে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) ও বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ (বিপিসি)। গতকাল মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে যৌথ সংবাদ সম্মেলনে তারা এই দাবি জানায়। দাবিগুলোর মধ্যে রয়েছে নতুন জাতীয় বেতন স্কেলে দেওয়া বার্ষিক ৫ শতাংশ প্রবৃদ্ধি প্রদান, রাজনৈতিক বিবেচনা ও তদবিরকে প্রাধান্য দিয়ে শিক্ষাপ্রতিষ্ঠানকে জাতীয়করণের আওতায় আনা বন্ধ করা, গভর্নিং বডি বা ম্যানেজিং কমিটি প্রথা বিলুপ্ত করে সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের মতো কমিটি গঠন করা, বৈশাখী ও পূর্ণাঙ্গ উৎসব ভাতা দেওয়া ইত্যাদি। সংবাদ সম্মেলনে বিপিসির সভাপতি অধ্যক্ষ মাজহারুল হান্নান, বাকশিসের সভাপতি অধ্যক্ষ ইসহাক হোসেন, বিপিসির সাধারণ সম্পাদক অধ্যক্ষ হারুনুর রশিদ পাঠান, বাকশিসের মহাসম্পাদক অধ্যাপক এ কে এম আবদুল্লাহ প্রমুখ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি